

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.২০.০০০৪.২৫.২২

বিষয়: ফোর স্টিচ এ্যাপারেল লিঃ নামক কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৪৩৪, তারিখ: ২১/০৫/২০২৫ খ্রিঃ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ফোর স্টিচ এ্যাপারেল লিঃ, অফিস ও কারখানাঃ বিসিক শিল্প নগরী, প্লট নং-বি-২১৮, ২১৯, ২২০, ২২১, ২২৫, ২২৬ শাসনগাঁও, ফতুল্লা, নারায়ণগঞ্জ নামক স্থানীয় বিনিয়োগে রপ্তানিমুখী কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইক্সপি ০০০১৩৬০-২৫, তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে তাঁদের অনুকূলে ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য বার্ষিক ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা ও ষান্মাসিক ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আইআরসি জারীর জন্য সুপারিশ করা হলো।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে ফোর স্টিচ এ্যাপারেল লিঃ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৬ষ্ঠ শ্রেণীর আমদানি কারক হিসেবে নিবন্ধন ফিস ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বার্ষিক ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা ও ষান্মাসিক ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২৯-০৫-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.২০.০০০৪.২৫.২২/১ (৬)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ., নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩,

পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২। ., কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

৩। ., ব্যবস্থাপনা পরিচালক, ফোর স্টিচ এ্যাপারেল লিঃ, অফিস ও কারখানাঃ বিসিক শিল্প নগরী, প্লট নং-বি-২১৮, ২১৯, ২২০, ২২১, ২২৫, ২২৬ শাসনগাঁও, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

৪। ., সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৫। ., ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। ., অফিস কপি।



২৯-০৫-২০২৫

মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক